

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৮৮

৫/ হাজ (হজ্জ/হজ) (এআনা (১লান)

পরিচ্ছেদঃ ৮১. 'উমরা সম্পর্কে

بَابُ الْعُمْرَةِ

## আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلٍ، حَدَّثَنَا أَبُو عَوَانَة، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُهَاجِرٍ، عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنِي رَسُولُ مَرْوَانَ، الَّذِي أُرْسِلَ إِلَى أُمِّ مَعْقَل، قَالَتْ: كَانَ أَبُو مَعْقَل حَاجًّا مَعْ رَسُولِ اللَّهِ صَلِّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قَدِمَ، قَالَتْ أُمُّ مَعْقَلٍ: قَدْ عَلِمْتَ أَنَّ عَلَيَّ حَجَّةً فَانْطَلَقَا يَمْشِيَانِ حَتَّى دَخَلَا عَلَيْهِ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، إِنَّ عَلَيَّ حَجَّةً وَإِنَّ لِأَبِي مَعْقَلٍ بَكْرًا، قَالَ أَبُو مَعْقَلٍ عَلَيْهِ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ بَكْرًا، قَالَ أَبُو مَعْقَلٍ عَلَيْهِ، فَإِنَّهُ فِي سَبِيلِ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَعْطَهَا فَلْتَدُجَّ عَلَيْهِ، فَإِنَّهُ فِي سَبِيلِ اللَّهِ فَأَعْطَاهَا الْبَكْرَ، فَقَالَ تَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلِّمَ: أَعْطَهَا فَلْ النَّهِ عَلَيْهِ عَلَيْهِ وَسَلِيلِ اللَّهِ فَأَعْطَاهَا الْبَكْرَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، وَسَلِّمَ اللهُ عَلَيْهِ وَسَلِّمَ عَمَل يُجْزِئُ عَنِي مِنْ حَجَّتِي، قَالَ: عُمْرَةٌ فِي رَمُ مَا عُمْلُ عُمْرَةً فِي اللهُ عَلَيْهِ رَسُولُ اللّهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ مَعْقَلٍ عَلَيْهِ مَنْ عَمَل يُجْزِئُ عَنِي مِنْ حَجَّتِي، قَالَ: عُمْرَةٌ فِي رَمْ عَمَل يُجْزِئُ عَنِي مِنْ حَجَّتِي، قَالَ: عُمْرَةٌ فِي رَمَضَانَ تُجْزِئُ حَجَّتِي، قَالَ: عُمْرَةً فِي

صحيح دون قوله المرأة إني امرأة ... حجتي

## বাংলা

১৯৮৮। আবূ বকর ইবনু 'আব্দুর রহমান (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মারওয়ানের যে দূতকে উম্মু মা'কিলের কাছে প্রেরণ করা হয়েছিল, তিনি আমাকে জানিয়েছেন যে, উম্মু মা'কিল (রাযি.) বলেছেনঃ আবূ মা'কিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হজ (হজ্জ) করার ইচ্ছা করেছিলেন। তিনি ঘরে এলে উম্মু মা'কিল (রাযি.) বলেন, আমার উপরও যে হজ (হজ্জ) ফরয হয়েছে তা আমি অবগত হয়েছি। কাজেই স্বামী-স্ত্রী দু'জনেই পায়ে হেঁটে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গেলেন। উম্মু মা'কিল (রাযি.) বললেন, হে আল্লাহ রাসূল! আমার উপর হজ (হজ্জ) ফরয হয়েছে। আর আবূ মা'কিলের নিকট (বাহন উপযোগী) একটি উদ্বী আছে।

আবূ মা'কিল (রাযি.) বললেন, সে সত্য বলেছে, কিন্তু আমি তো সেটি আল্লাহর পথে সাদাকাহ করে দিয়েছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি ওটা (উদ্ভীটি) একে দাও, সে হজ (হজ্জ) করে আসুক। কারণ এটাও তো আল্লাহর পথ। ফলে তিনি তাকে তা দিলেন। তিনি বললেন, হে আল্লাহর রাসূল! আমি একজন



বৃদ্ধা মহিলা এবং অসুস্থ। কাজেই এমন কোনো আমল আছে কি যা করলে আমার হজের (হজ্জের) পরিবর্তে যথেষ্ট হবে? তিনি বললেনঃ রমাযানের একটি 'উমরা তোমার হজের (হজ্জের) জন্য যথেষ্ট হবে।[1]

সহীহ, তবে মহিলার এ কথাটি বাদেঃ আমি একজন বৃদ্ধা মহিলা।..."

## **English**

AbuBakr ibn AbdurRahman said:

The messenger of Marwan whom he sent to Umm Ma'qil reported to me.

She said: AbuMa'qil accompanied the Messenger of Allah (ﷺ) during hajj. When he came (to her) she said: You know that hajj is incumbent on me. They walked until they visited him (i.e. the Prophet) and she asked (him): Messenger of Allah, hajj is due from me, and AbuMa'qil has a camel.

AbuMa'qil said: She spoke the truth, I have dedicated it to the cause of Allah.

The Messenger of Allah (ﷺ) said: Give it to her, that is in the cause of Allah. So he gave the camel to her.

She then said: Messenger of Allah, I am a woman who has become aged and ill. Is there any action which would be sufficient for me as my hajj?

He replied: umrah performed during Ramadan is sufficient as hajj.

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকর ইবনু 'আবদুর রহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন